



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া  
পোস্ট কোড: বগুড়া-৫৮০০, বাংলাদেশ



কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১  
www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com  
ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৮৮১৩৫৮৫, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯৯০২০৭৯

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩২  
১৪ আগস্ট ২০২৫

এতদ্বারা সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া'র উচ্চমাধ্যমিক শাখার ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগের যে সকল শিক্ষার্থী মেধাক্রম ১ম হতে ৬ষ্ঠ, ব্যবসায় শিক্ষা বিভাগের মেধাক্রম ১ম হতে ৩য় এবং মানবিক বিভাগের মেধাক্রম ১ম হতে ৩য় স্থান অধিকার করেছে, তাদেরকে আগামী ১ সেপ্টেম্বর ২০২৫, সোমবার ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়ে সংবর্ধনা প্রদান করা হবে।

এছাড়া একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষার ফলাফল শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী চতুর্থ বিষয় ব্যতীত প্রকাশ করা হয়েছে এবং যে সকল শিক্ষার্থী ০১ (এক) পত্রে অকৃতকার্য হয়েছে তাদেরকে শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী বিশেষ বিবেচনায় দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ করা হয়েছে।

যে সকল শিক্ষার্থী একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় ০২ (দুই) পত্র থেকে ০৫ (পাঁচ) পত্রে অকৃতকার্য হয়েছে তাদেরকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ফি (অফিসে আদায় রশিদের মাধ্যমে) পরিশোধ করে সাল্লিমেন্টারী পরীক্ষার সময়সূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বার্ষিক পরীক্ষায় ০২ (দুই) পত্র থেকে ০৫ (পাঁচ) পত্রে অকৃতকার্য কোন শিক্ষার্থী সাল্লিমেন্টারী পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ হতে পারবে না।

উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষায় ০৬ (ছয়) হতে তদুর্ধ্ব পত্রে অকৃতকার্য হয়েছে তাদেরকে বার্ষিক পরীক্ষার ফলাফল সীট ০২ (দুই) কপিসহ আগামী ১৯ আগস্ট ২০২৫, মঙ্গলবার সকাল ১০:০০ টায় অভিভাবকসহ উচ্চমাধ্যমিক শাখা'র ভারপ্রাপ্ত কর্মকর্তার কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

প্রতিস্বাক্ষর

প্রফেসর মো: শওকত আলম মীর (৫৬৯০)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

থেকে মো: শওকত আলম মীর (৫৬৯০)

অধ্যক্ষ

বিতরণ: সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

- ১। উপাধ্যক্ষ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া;
- ২। সম্পাদক (ভারপ্রাপ্ত), শিক্ষক পরিষদ, সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া;
- ৩। নোটিশ বোর্ড, উচ্চমাধ্যমিক শাখা
- ৪। সংরক্ষণ নথি।

ভারপ্রাপ্ত কর্মকর্তা

উচ্চমাধ্যমিক শাখা

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া